ঢাকা ওয়াসা

সংযুক্তিসমূহঃ

১) ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেটের কপি।
২) ঠিকাদারের প্রয়োজনীয় ডকুমেন্টস।
৩) পূর্বানুমোদিত দর।
৪) ক্ষতিগ্রস্ত অংশের ছবি।
৫) ক্যালকুলেশন শীট
৬) বিভাগীয় প্রাক্কলন।

বিষয়ঃ পদ্মা পানি শোধনাগার-এর অধীনে "Repair maintenance of approach road at WTP Main gate to damla Road." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগারের কার্যক্রম পুরোদমে চলমান আছে। বর্তমানে গড়ে ২৫০ হতে ২৮০ এমএলডি পরিশোধিত পানি ঢাকা শহরে বিদ্যমান নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। শোধনাগারের Defect Liability Period ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। তাই শোধনাগারে স্থাপিত মেশিনারীজ ও যন্ত্রাংশ মেরামত, রক্ষণাবেক্ষণ ও Spare parts পরিবর্তন ইত্যাদি কাজগুলো ঢাকা ওয়াসার নিজস্ব ব্যবস্থাপনায় করতে হচ্ছে। শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিটের সমন্বয়ে পানি পরিশোধণ কাজ সার্বক্ষনিক সচল আছে। পানি শোধনাগার এর বিভিন্ন ইউনিটগুলো ২৪ ঘন্টা চালু থাকে বিধায় রোস্টার অনুযায়ী কর্মকর্তা ও কর্মচারীরা সার্বক্ষনিক পালাক্রমে অবস্থান করেন। উল্লেখ্য যে, শোধনাগারের WTP ইউনিটে মেইন গেট থেকে দামলা রোড পর্যন্ত চলতি মৌসুমে প্রচন্ড বৃষ্টির ফলে বেশ কয়েক জায়গায় মাটি সরে গিয়ে গর্ত তৈরি হয়েছে। উক্ত গর্তগুলোতে জরুরী ভিত্তিতে জিও ব্যাগের মাধ্যমে বালি ও মাটি দিয়ে ভরাট করা প্রয়োজন। অন্যথায় যেকোন সময় রাস্তাটি ভেঙ্গে পড়তে পারে।

২। পদ্মা পানি শোধনাগারের WTP ইউনিটে মেইন গেট থেকে দামলা রোড পর্যন্ত বৃষ্টির কারনে সৃষ্ট গর্তগুলো মেরামত করার লক্ষ্যে সার্ভে করতঃ অনুমোদিত দর ও PWD রেট সিডিউলের আলোকে সরেজমিন পরিমাপের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রনয়ন করা হয়েছে (ক্রমিক নং-০৩, ০৪, ০৫ ও ০৬ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমান সর্বমোট ট.৪৯,৮০৩.৬৮৩/= (টাকা উনপঞ্চাশ হাজার আটশত তিন দশমিক ছয় আট তিন মাত্র)। আলোচ্য কাজটি অতীব জরুরি বিধায় পিপিআর ২০০৮ এর বিধি ৭৬ (১/ট) অনুযায়ী সরাসরি ক্রয় (ভৌতসেবা) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বাজেট Water & Sewer Treatment Plant (O&M) খাতের বরাদ্দ হতে নির্বাহ করা যেতে পারে (ক্রমিক নং- ০১ দ্রষ্টব্য)। কাজটি অভিজ্ঞ ঠিকাদার মেসার্স মা এন্টারপ্রাইজের এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। ঠিকাদারের প্রয়োজনীয় ডকুমেন্টস সংযুক্ত করা হল (ক্রমিক নং- ০২ দ্রষ্টব্য)।

৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারের WTP ইউনিটে মেইন গেট থেকে দামলা রোড পর্যন্ত বৃষ্টির কারনে সৃষ্ট গর্তগুলো মেরামত করার জন্য "Repair maintenance of approach road at WTP Main gate to damla Road." কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি অতীব জরুরি বিধায় পিপিআর ২০০৮ এর বিধি ৭৬ (১/ট) অনুযায়ী সরাসরি ক্রয় (ভৌতসেবা) (DPM) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ট.৪৯,৮০৩.৬৮৩/= (টাকা উনপঞ্চাশ হাজার আটশত তিন দশমিক ছয় আট তিন মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বাজেট Water & Sewer Treatment Plant (O&M) খাতের বরাদ্দ হতে নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

AE
17.06.25
Md. Mehedi Hasan
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

17.06.2025
Mohammad Sohel Rana
Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

EE
17.06.2025
গাজী আসিফ বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

SE, WTPS
17/06/25
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

CE

অনু/মো/দন

১৯/০৬/২০২৫
প্রকৌশলী মোঃ আবুল সাদাৎ ব্যাপারী
প্রধান প্রকৌশলী

১.৪। অনুচ্ছেদ ১.৩ এর অনুমোদন প্রেক্ষিতে আলোচ্য কাজের Contract Agreement তৈরী করে নথিতে সংযুক্ত করা হয়েছে। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

22.06.25 মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা।	22.06.2025 মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা।	22.06.2025 গাজী আসবিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা

০৬। স্মারক নং-৪৬.১১৩.৬২৮.০০.০০.২৪.২০২৫-৪৪৩; তাং-২২/০৬/২০২৫ইং। আলোচ্য কাজের Contract Agreement.

১.৬। আলোচ্য কাজের কার্যাদেশ তৈরী করে নথিতে সংযুক্ত করা হয়েছে। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

22.06.25 মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা।	22.06.25 মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা।	22.06.2025 গাজী আসবিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা

০৭। স্মারক নং-৪৬.১১৩.৬২৮.০০.০০.২৪.২০২৫-৪৪৪; তাং-২২/০৬/২০২৫ইং।আলোচ্য কাজের কার্যাদেশ।

১.৭। Repair maintenance of approach road at WTP Main gate to damla Road শীর্ষক কাজটি কার্যাদেশ অনুযায়ী সম্পাদিত হয়েছে এবং সেই আলোকে একটি Work Completion Report প্রস্তুত করা হয়েছে। যা সদয় স্বাক্ষর করা যেতে পারে।

27.06.25 মোঃ মেহেদী হাসান উপ-সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা।	27.06.25 মোহাম্মদ সোহেল রানা সহকারী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা।	27.06.2025 গাজী আসবিব বিন সালাম নির্বাহী প্রকৌশলী পদ্মা পানি শোধনাগার ঢাকা ওয়াসা

০৮। আলোচ্য কাজের Work Completion Report এর কপি।